গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
কার্যক্রম ও এডিপি শাখা

২০১৯-২০২০ অর্থবছরের অক্টোবর ২০১৯ মাসের জিওবি অর্থায়নে বাস্তবায়িত এডিপি'র বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ নজরুল ইসলাম<br>সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ |
| সভার তারিখ | ২৮ নভেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ |
| সভার সময় | সকাল ১১:০১ ঘটিকা |
| স্থান | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | ... |

**১. উপস্থাপনা :**

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। যুগ্মপ্রধান সভাকে অবহিত করেন যে, চলতি অর্থবছরে এ বিভাগের আওতায় ১৭৬টি প্রকল্প বাস্তবায়নাধীন রয়েছে, এর মধ্যে ১৫০টি জিওবি অর্থায়নে, ১৯টি প্রকল্প সাহায্য এবং ৭টি কারিগরী সহায়তা প্রকল্প। এ প্রকল্পগুলোর অনুকূলে ২৪৫৬০.৩২ কোটি টাকা বরাদ্দ রয়েছে। এর মধ্যে জিওবি খাতে বরাদ্দ ১৫২৭০.৮৫ কোটি টাকা। অদ্যকার সভায় সংস্থা প্রধানগণ, সড়ক ও জনপথ অধিদপ্তরের অতিরিক্ত প্রধান প্রকৌশলীগণ, প্রকল্প পরিচালকগণসহ মন্ত্রণালয়ের কর্মকর্তাগণ তাঁদের বক্তব্য উপস্থাপন করেন। সভায় প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি ও অর্থ ব্যয় পরিস্থিতি, বাস্তবায়ন সমস্যা এবং এর সমাধানের উপায় নিয়ে পর্যালোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয় :

**২. আলোচনা ও সিদ্ধান্ত :**

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ২.১ এডিপি বাস্তবায়ন | সভায় আলোচনা হয় যে, এ বিভাগের চলতি অর্থবছরের এডিপি বরাদ্দের মধ্যে অক্টোবর ২০১৯ পর্যন্ত জিওবি অর্থের ১৭.৩৬% ব্যয় হয়েছে। সওজ অধিদপ্তরের জোনভিত্তিক এডিপি বাস্তবায়ন অগ্রগতি সংযুক্ত ছক-এ দেয়া হয়েছে।<br>সভায় সওজ অধিদপ্তরের জোনভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি নিয়ে আলোচনা করা হয়। যে সকল প্রকল্পের ক্ষেত্রে অর্থ ছাড় করা হলেও কোন অর্থ ব্যয় হয়নি সে সকল প্রকল্পের দ্রুত অর্থ ব্যয় নিশ্চিত করার পরামর্শ দেয়া হয়। জোনভিত্তিক কর্মপরিকল্পনা অনুযায়ী প্রকল্পসমূহের অগ্রগতি কাঙ্খিত পর্যায়ে উন্নীত করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। যে সকল প্রকল্পে ভূমি অধিগ্রণের বিষয় রয়েছে তা দ্রুত সমাধান করা এবং যে সকল জোনের প্রকল্প সমূহের বাস্তবায়ন অগ্রগতি সন্তোষজনক নয় তা সন্তোষজনক পর্যায়ে নিয়ে যাওয়ার জন্য জোনাল অতিরিক্ত প্রধান প্রকৌশলীগণ'কে নির্দেশনা দেয়া হয়। যে সকল নতুন অনুমোদিত প্রকল্প এডিপিতে প্রতিফলিত হয়নি তার অনুকূলে বরাদ্দ প্রাপ্তির প্রস্তাব মন্ত্রণালয়ে দ্রুত প্রেরণ করতে পুনরায় নির্দেশনা দেয়া হয়। | (ক) যে সকল প্রকল্পের ক্ষেত্রে অর্থ ছাড় করা হলেও কোন অর্থ ব্যয় হয়নি সে সকল প্রকল্পের অর্থ ব্যয় নিশ্চিত করে কর্মপরিকল্পনা অনুযায়ী বাস্তবায়ন অগ্রগতি কাঙ্খিত পর্যায়ে উন্নীত করতে হবে;<br>(গ) যে সকল প্রকল্পে ভূমি অধিগ্রণের কার্যক্রম রয়েছে তা সমাধান করে নির্মাণ কাজ ত্বরান্বিত করতে হবে;<br>(ঘ) ঢাকা, চট্টগ্রাম, সিলেট, খুলনা, বরিশাল ও রংপুর জোনের বাস্তবায়ন অগ্রগতি জাতীয় গড়ের চেয়ে কম বিধায় কর্মপরিকল্পনা অনুযায়ী বৃদ্ধি করতে হবে;<br>(ঙ) নতুন অনুমোদিত প্রকল্পসমূহের জন্য বরাদ্দ প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | সকল সংস্থা প্রধান, প্রকল্প পরিচালকগন ও অতিরিক্ত প্রধান প্রকৌশলী সকল জোন |

| | | | |
|---|---|---|---|
| ২.২ সংশোধিত অননুমোদিত, মেয়াদ উত্তীর্ণ ও সমাপ্তির জন্য নির্ধারিত প্রকল্প | চলতি অর্থবছরে সমাপ্তির জন্য নির্ধারিত প্রকল্পসমূহের হালনাগাদ তালিকা মন্ত্রণালয়ে পাওয়া গেছে। সকল সংস্থার প্রতিবেদন জরুরীভিত্তিতে কার্যক্রম বিভাগে প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়। চলতি অর্থবছরে সমাপ্য প্রকল্পসমূহের আন্তঃখাত সমন্বয় বা সংশোধনের প্রয়োজন হলে প্রস্তাব প্রেরণের পুনরায় নির্দেশনা দেয়া হয়। সংশোধিত অননুমোদিত প্রকল্প সংশোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের পরামর্শ দেয়া হয়। | (ক) চলতি অর্থবছরে সমাপ্তির জন্য নির্ধারিত প্রকল্পসমূহের হালনাগাদ প্রতিবেদন জরুরীভিত্তিতে কার্যক্রম বিভাগে প্রেরণ করতে হবে;<br>(খ) চলতি অর্থবছরে সমাপ্য প্রকল্পসমূহের আন্তঃখাত সমন্বয় বা সংশোধনের প্রয়োজন হলে দ্রুত প্রক্রিয়া করতে হবে;<br>(গ) সংশোধিত অননুমোদিত প্রকল্প সংশোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সকল সংস্থা, প্রকল্প পরিচালক |
| ২.৩ অর্থ ছাড় | সভায় ২০১৯-২০২০ অর্থবছরের এডিপি বরাদ্দ যথাসময়ে ছাড়করণ ও যথাযথ ব্যয় নিশ্চিত করার পরামর্শ দেয়া হয়। একাধিক কিস্তির প্রয়োজন হলে যথানিয়মে প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ পূর্ণাঙ্গ প্রস্তাব প্রেরণ করার নির্দেশনা দেয়া হয়। | ক) ২০১৯-২০২০ অর্থবছরের এডিপি বরাদ্দ ছাড়করণ ও ব্যয় নিশ্চিত করতে হবে;<br>খ) একাধিক কিস্তির প্রয়োজন হলে যথানিয়মে প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ পূর্ণাঙ্গ প্রস্তাব প্রেরণ করতে হবে। | সকল সংস্থা |
| ২.৪ পিসিআর | ২০১৮-২০১৯ অর্থবছরের সমাপ্ত যে সব প্রকল্পের পিসিআর এখনো মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়নি তা দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ এবং যে সব প্রকল্পের পিসিআর আইএমইডি'তে প্রেরণ করা হয়েছে সেসব প্রকল্পের পিসিআর এর ওপর আইএমইডির সুপারিশসমূহ বাস্তবায়ন নিশ্চিত করার নির্দেশনা দেয়া হয়। | ক) ২০১৮-২০১৯ অর্থবছরের সমাপ্ত যে সব প্রকল্পের পিসিআর এখনো মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়নি তা দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;<br>খ) যে সব প্রকল্পের পিসিআর আইএমইডি'তে প্রেরণ করা হয়েছে সেসব প্রকল্পের পিসিআর এর ওপর আইএমইডির সুপারিশসমূহ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | সংশ্লিষ্ট সকল সংস্থা |

| | | | |
|---|---|---|---|
| ২.৫ গুরুত্বপূর্ণ আঞ্চলিক মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ প্রকল্প (১০টি গুচ্ছ প্রকল্প) | প্রকল্প পরিচালক জানান যে, গুরুত্বপূর্ণ আঞ্চলিক মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ (ময়মনসিংহ জোন) শীর্ষক প্রকল্পের সংশোধন প্রস্তাব গত ১৭-১১-২০১৯ তারিখে ডিপিইসি সভায় অনুমোদনের জন্য সুপারিশ করা হয়েছে। সংশোধন প্রস্তাব অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা দেয়া হয়।<br>সভাকে অবহিত করা হয় যে, গুরুত্বপূর্ণ আঞ্চলিক মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ (রাজশাহী জোন) শীর্ষক প্রকল্পের ডিপিইসি সভার সিদ্ধান্তক্রমে প্রকল্পের আওতায় সাইন-সিগন্যাল, লাইটপোষ্ট ইত্যাদি যথাযথমানে স্থাপিত হয়েছে কিনা তা উপপ্রধান (সওজ জিওবি) এর আহবায়কত্বে ২০নং মনিটরিং টীম কর্তৃক গত ২২-১১-২০১৯ তারিখে পরিদর্শন করা হয়েছে। পরিদর্শন প্রতিবেদনের সুপারিশের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা দেয়া হয়।<br>গুরুত্বপূর্ণ আঞ্চলিক মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ (রংপুর জোন) (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পটি গত ২২-১০-২০১৯ তারিখে একনেক সভায় অনুমোদিত হয়েছে মর্মে সভায় জানানো হয়। উক্ত প্রকল্পের প্রশাসনিক আদেশ দ্রুত জারি করার পরামর্শ দেয়া হয়।<br>জোনভিত্তিক ১০টি প্রকল্পের মধ্যে অধিকাংশ প্রকল্প আগামী অর্থবছরে সমাপ্ত হবে বিধায় আঞ্চলিক মহাসড়ক নেটওয়ার্ক উন্নয়নের জন্য নতুন করে আঞ্চলিক মহাসড়ক অবকাঠামো উন্নয়ন ও সম্প্রসারণ শীর্ষক জোনভিত্তিক গুচ্ছ প্রকল্প প্রণয়ন করে ডিপিপি দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণের নির্দেশনা দেয়া হয়। যে সকল প্রকল্পের পিআইসি এবং পিএসসি সভা হয়নি তা দ্রুত সম্পন্ন করার জন্য পরামর্শ দেয়া হয়। যে সকল প্রকল্পের পিএসসি, ডিপিইসি সভা ইতোমধ্যে অনুষ্ঠিত হয়েছে পিএসসি, ডিপিইসি সভার সুপারিশ অনুযায়ী সে সকল প্রকল্পের পুনর্গঠিত ডিপিপি দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণের নির্দেশনা দেয়া হয়। যে সকল প্রকল্পের সংশোধন প্রয়োজন সে সকল প্রকল্পের সংশোধন প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণের পরামর্শ দেয়া হয়। | ক) গুরুত্বপূর্ণ আঞ্চলিক মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ (ময়মনসিংহ জোন) শীর্ষক প্রকল্পের সংশোধন প্রস্তাব অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;<br>খ) পরিদর্শন প্রতিবেদনের সুপারিশের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;<br>গ) প্রশাসনিক আদেশ দ্রুত জারি করতে হবে;<br>ঘ) আঞ্চলিক মহাসড়ক নেটওয়ার্ক উন্নয়নের জন্য নতুন করে আঞ্চলিক মহাসড়ক অবকাঠামো উন্নয়ন ও সম্প্রসারণ শীর্ষক জোনভিত্তিক গুচ্ছ প্রকল্প প্রণয়ন করে ডিপিপি দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;<br>ঙ) যে সকল প্রকল্পের পিআইসি এবং পিএসসি সভা হয়নি তা দ্রুত সম্পন্ন করতে হবে;<br>চ) যে সকল প্রকল্পের পিএসসি, ডিপিইসি সভা ইতোমধ্যে অনুষ্ঠিত হয়েছে সভার সুপারিশ অনুযায়ী সে সকল প্রকল্পের পুনর্গঠিত ডিপিপি দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;<br>ছ) যে সকল প্রকল্পের সংশোধন প্রয়োজন সে সকল প্রকল্পের সংশোধন প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | প্রকল্প পরিচালক (সকল জোন) |

| | | | |
|---|---|---|---|
| ২.৬ জেলা মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ প্রকল্প (১০টি গুচ্ছ প্রকল্প) | জেলা মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ (রংপুর জোন), (ঢাকা জোন) শীর্ষক প্রকল্পদ্বয়ের পিআইসি সভার কার্যবিবরণী এ বিভাগে পাওয়া গিয়েছে। দ্রুত পিএসসি সভা আয়োজনের নির্দেশনা দেয়া হয়।<br>জোনভিত্তিক ১০টি প্রকল্পের মধ্যে অধিকাংশ প্রকল্প আগামী অর্থবছরে সমাপ্ত হবে বিধায় জেলা মহাসড়ক নেটওয়ার্ক উন্নয়নের জন্য নতুন করে জেলা মহাসড়ক অবকাঠামো উন্নয়ন ও সম্প্রসারণ শীর্ষক জোনভিত্তিক গুচ্ছ প্রকল্প প্রণয়ন করে ডিপিপি দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণের নির্দেশনা দেয়া হয়। যে সকল প্রকল্পের পিআইসি এবং পিএসসি সভা হয়নি তা দ্রুত সম্পন্ন করার জন্য পরামর্শ দেয়া হয়। যে সকল প্রকল্পের সংশোধন প্রয়োজন সে সকল প্রকল্পের সংশোধন প্রস্তাব দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণের পরামর্শ দেয়া হয়। | (ক) জেলা মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ (রংপুর জোন) ও (ঢাকা জোন) শীর্ষক প্রকল্পদ্বয়ের পিএসসি সভা আয়োজন করতে হবে;<br>(খ) জেলা মহাসড়ক নেটওয়ার্ক উন্নয়নের জন্য নতুন করে জেলা মহাসড়ক অবকাঠামো উন্নয়ন ও সম্প্রসারণ শীর্ষক জোনভিত্তিক গুচ্ছ প্রকল্প প্রণয়ন করে ডিপিপি দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;<br>(গ) যে সকল প্রকল্পের পিআইসি এবং পিএসসি সভা হয়নি তা দ্রুত সম্পন্ন করতে হবে;<br>(ঘ) যে সকল প্রকল্পের সংশোধন প্রয়োজন সে সকল প্রকল্পের সংশোধন প্রস্তাব দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | প্রকল্প পরিচালক (সকল জোন) |
| ২.৭ ফেরী ও পন্টুন নির্মাণ/পুনঃনির্মাণ প্রকল্প | এ প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম দ্রুত সম্পন্ন করার জন্য প্রকল্প পরিচালক (অতিরিক্ত প্রধান প্রকৌশলী, মেকানিক্যাল) কে নির্দেশনা দিয়ে যে সকল মালামাল বন্দরে খালাসের অপেক্ষায় রয়েছে সেগুলো ছাড় করার জন্য জরুরী ব্যবস্থা গ্রহণ করার জন্য পরামর্শ দেয়া হয়। বন্দরে মালামাল এসে থাকলে বিলম্ব মাশুল পরিহারের লক্ষ্যে যথাযথ ব্যবস্থা নেয়ার জন্য পরামর্শ দেয়া হয়। তবে বিলম্ব মাশুল পরিহার করা সম্ভব না হলে রাজস্ব খাত হতে অর্থ সংস্থান করতে হবে। | ক) প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম নির্ধারিত সময়ে সম্পন্ন করতে হবে;<br>খ) যে সকল মালামাল বন্দরে খালাসের অপেক্ষায় রয়েছে বিলম্ব মাশুল পরিহার করে সেগুলো ছাড়ের জরুরী ব্যবস্থা গ্রহণ করতে হবে তবে বিলম্ব মাশুল পরিহার করা কোন ভাবে সম্ভব না হলে রাজস্ব খাত হতে অর্থ বরাদ্দ দিয়ে মালামাল খালাসের ব্যবস্থা করতে হবে। | প্রকল্প পরিচালক (অতিরিক্ত প্রধান প্রকৌশলী, মেকানিক্যাল) |
| ২.৮ নতুন অনুমোদিত প্রকল্প | নতুন অনুমোদিত প্রকল্পসমূহের সময়ভিত্তিক কর্মপরিকল্পনা গ্রহণ করে মন্ত্রণালয়কে অবহিত করার জন্য নির্দেশনা দেয়া হয়। এ সকল প্রকল্পের প্যাকেজভিত্তিক ক্রয় পরিকল্পনা প্রণয়নপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নির্দেশনা দেয়া হয়। এছাড়া, প্রকল্পসমূহের ভূমি অধিগ্রহণ, ইউটিলিটি স্থানান্তর ও প্রকল্পের সেতু ও পেভমেন্ট ডিজাইন প্রস্তুতির কাজ দ্রুত সম্পন্ন করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। এ সকল প্রকল্পের অর্থ বরাদ্দ চাহিদা দ্রুত প্রেরণের জন্য সংস্থাকে পরামর্শ দেয়া হয়। | (ক) নতুন অনুমোদিত প্রকল্পসমূহের সময়ভিত্তিক কর্মপরিকল্পনা গ্রহণ করে মন্ত্রণালয়কে অবহিত করতে হবে;<br>(খ) প্রকল্পের প্যাকেজভিত্তিক ক্রয় পরিকল্পনা প্রণয়নপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;<br>(গ) ভূমি অধিগ্রহণ, ইউটিলিটি স্থানান্তর ও প্রকল্পের সেতু ও পেভমেন্ট ডিজাইন প্রস্তুতির কাজ দ্রুত সম্পন্ন করতে হবে;<br>ঘ) প্রকল্পের অর্থ বরাদ্দ চাহিদা দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | সকল সংস্থা/ সকল প্রকল্প পরিচালক |
| ২.৯ অননুমোদিত প্রকল্প | পিইসি সভায় সুপারিশকৃত ডিপিপি দ্রুত পুনর্গঠন করে মন্ত্রণালয়ে দাখিল করতে নির্দেশনা দেয়া হয়। যে সকল প্রকল্পের ডিপিপি ইতোমধ্যে পরিকল্পনা কমিশনে অনুমোদনের জন্য প্রেরণ করা হয়েছে সে সকল প্রকল্পের অনুমোদন প্রক্রিয়া ত্বরান্বিত করার জন্য পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে পরামর্শ দেয়া হয়। যে সকল প্রকল্প বৈদেশিক সহায়তায় বাস্তবায়িত হবে সে সকল প্রকল্পের অর্থায়নের উৎস নিশ্চিত করার লক্ষ্যে PDPP জরুরী ভিত্তিতে পরিকল্পনা কমিশন ও ইআরডি'তে প্রেরণের জন্য নির্দেশনা দেয়া হয়। | (ক) ডিপিপি দ্রুত পুনর্গঠন করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;<br>(খ) যে সকল প্রকল্পের ডিপিপি ইতোমধ্যে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে তার অনুমোদন ত্বরান্বিত করার জন্য পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে;<br>(গ) যে সকল প্রকল্প বৈদেশিক সহায়তায় বাস্তবায়িত হবে সে সকল প্রকল্পের অর্থায়নের উৎস নিশ্চিত করার লক্ষ্যে PDPP জরুরী ভিত্তিতে পরিকল্পনা কমিশন ও ইআরডি'তে প্রেরণ করতে হবে। | পরিকল্পনা উইং এবং অতিরিক্ত প্রধান প্রকৌশলী সকল জোন |

| | | | |
|---|---|---|---|
| ২.১০ প্রকল্পের কার্যাদেশ সংক্রান্ত | সভায় আলোচনা হয় যে, একই ঠিকাদার প্রতিষ্ঠান বিভিন্ন জোনের প্রকল্পের কার্যাদেশ পাওয়ার কারণে কাজের গুনগতমান নিশ্চিত করা যাচ্ছে না। ঠিকাদার প্রতিষ্ঠান'কে কার্যাদেশ প্রদানের ক্ষেত্রে এ সংক্রান্ত সরকারি বিধি-বিধান যথাযথভাবে পালনের নির্দেশনা দেয়া হয়। অক্টোবর ২০১৯- এ অনুষ্ঠিত এডিপি পর্যালোচনা সভায় এ বিষয়ে বিস্তারিত পর্যালোচনা করে করণীয় নির্ধারণের উদ্দেশ্যে সওজ অধিদপ্তরের প্রকিউরমেন্ট সার্কেল, মনিটরিং সার্কেল, ঢাকা সড়ক সার্কেল-এর তত্ত্বাবধায়ক প্রকৌশলীগণের সমন্বয়ে একটি কমিটি গঠনের নির্দেশনা দেয়া হলেও অদ্যাবধি কোন কমিটি গঠিত হয়নি। জরুরী ভিত্তিতে উক্ত কমিটি গঠনপূর্বক ঠিকাদারী প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রদান সংক্রান্ত বিদ্যমান বিধি-বিধান পর্যালোচনা করে প্রকল্পের কাজের গুনগতমান নিশ্চিতকরণের লক্ষ্যে সুপারিশ সম্বলিত প্রতিবেদন প্রণয়ন করে দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করবে মর্মে সভায় মত প্রকাশ করা হয়। | (ক) কাজের গুনগতমান নিশ্চিতকল্পে ঠিকাদার প্রতিষ্ঠান'কে কার্যাদেশ প্রদানের ক্ষেত্রে এ সংক্রান্ত সরকারি বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে;<br>(খ) 'একই ঠিকাদার প্রতিষ্ঠান বিভিন্ন জোনের প্রকল্পের কার্যাদেশ পাচ্ছে বিধায় কাজের গুনগতমান নিশ্চিত করা যাচ্ছে না' বিষয়ে বিস্তারিত পর্যালোচনা করে করণীয় নির্ধারণের উদ্দেশ্যে সওজ অধিদপ্তরের প্রকিউরমেন্ট সার্কেল, মনিটরিং সার্কেল, ঢাকা সড়ক সার্কেল-এর তত্ত্বাবধায়ক প্রকৌশলীগণের সমন্বয়ে জরুরী ভিত্তিতে একটি কমিটি গঠন করতে হবে;<br>(গ) গঠিত কমিটি ঠিকাদারী প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রদান সংক্রান্ত বিদ্যমান বিধি-বিধান পর্যালোচনা করে প্রকল্পের কাজের গুনগতমান নিশ্চিতকরণের লক্ষ্যে সুপারিশ সম্বলিত প্রতিবেদন প্রণয়ন করে দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করবে। | প্রধান প্রকৌশলী, সওজ<br>ও<br>প্রকল্প পরিচালক (সকল জোন) |
| ২.১১ APA সংক্রান্ত | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের APA লক্ষমাত্রা অর্জনের নিমিত্ত এ সংশ্লিষ্ট কার্যাবলী ত্বরান্বিত করার পরামর্শ দেয়া হয়। সওজ অধিদপ্তরের APA-এর ফোকাল পয়েন্ট নির্ধারণ করার নির্দেশ দেয়া হয়। APA-এর লক্ষমাত্রা অর্জনের উদ্দেশ্যে প্রকল্পের অঙ্গভিত্তিক অগ্রগতির প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে এ বিভাগে প্রেরণ করার এবং মন্ত্রণালয় থেকে বিষয়টি গুরুত্বের সাথে মনিটরিং করার নির্দেশনা প্রদান করা হয়। | (ক) সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের APA লক্ষমাত্রা অর্জনের নিমিত্ত এ সংশ্লিষ্ট কার্যাবলী ত্বরান্বিত করতে হবে;<br>(খ) সওজ অধিদপ্তরের APA-এর ফোকাল পয়েন্ট নির্ধারণ করতে হবে;<br>(গ) APA-এর লক্ষমাত্রা অর্জনের উদ্দেশ্যে প্রকল্পের অঙ্গভিত্তিক অগ্রগতির প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে এ বিভাগে প্রেরণ করতে হবে এবং মন্ত্রণালয় থেকে বিষয়টি গুরুত্বের সাথে মনিটরিং করতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ<br>ও<br>APA ফোকাল পয়েন্ট (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) |
| ২.১২ বিবিধ | এডিপি রিভিউ সভার সিধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নির্ধারিত সময়ের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করার নির্দেশনা দেয়া হয়।<br><br>সমাপ্তির জন্য নির্ধারিত প্রকল্পের বাস্তবায়ন অবস্থা আইএমইডি সরেজমিন পরিদর্শন করবে এবং ২০১৯-২০২০ অর্থবছরের সমাপ্ত প্রকল্পের গুনগতমান মূল্যায়ন করা হবে। কাজেই প্রকল্পগুলোর তথ্য হালনাগাদ করে মন্ত্রণালয়ে প্রেরণের নির্দেশনা দেয়া হয়।<br><br>সওজ অধিদপ্তরের ব্রিজ ডিজাইন ও পেভমেন্ট ডিজাইন কার্যক্রমে সময় বেশী নেয়া হয় মর্মে সভায় উল্লেখ করা হয়। বিভিন্ন মৃত্তিকা/পরীক্ষা/হাইড্রোলজিক্যাল/ফরফোলজিক্যাল সার্ভে/সমীক্ষা/জরীপ কাজ সম্পাদনের জন্য সওজ অধিদপ্তর কর্তৃক প্রয়োজন হলে সমীক্ষা প্রকল্প প্রণয়ন করতে পারে।<br><br>প্রকল্পের অঙ্গভিত্তিক অগ্রগতির হালনাগাদ তথ্য মাসিক অগ্রগতির প্রতিবেদনে সন্নিবেশ করার নির্দেশনা দেয়া হয়।<br><br>চলমান প্রকল্পসমূহের বাইন্ডার কোর্স, ওয়্যারিং কোর্স, | (ক) এডিপি রিভিউ সভার সিধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নির্ধারিত সময়ের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে;<br>(খ) সমাপ্তির জন্য নির্ধারিত প্রকল্পের বাস্তবায়ন অবস্থা আইএমইডি সরেজমিন পরিদর্শন করবে বিধায় প্রকল্পগুলোর তথ্য হালনাগাদ করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;<br>(গ) মৃত্তিকা/পরীক্ষা/ হাইড্রোলজিক্যাল/ ফরফোলজিক্যাল সার্ভে/সমীক্ষা/জরীপ কাজ সম্পাদনের জন্য একটি সমীক্ষা প্রকল্প গ্রহণ করতে হবে। মন্ত্রণালয়ের পরিকল্পনা উইং প্রয়োজনে এ বিষয়ে সহযোগিতা প্রদান করবে। দীর্ঘদিন এ সিদ্ধান্ত কার্যকর না করায় অসন্তোষ প্রকাশ করা হয়।<br>(ঘ) প্রকল্পের অঙ্গভিত্তিক অগ্রগতির হালনাগাদ তথ্য মাসিক অগ্রগতির প্রতিবেদনে সন্নিবেশ করতে হবে;<br>(ঙ) চলমান প্রকল্পসমূহের বাইন্ডার কোর্স, ওয়্যারিং কোর্স, বিটুমিনাস লেয়ার স্থাপনের ক্ষেত্রে গুনগতমান নিশ্চিত করে সম্পন্ন করতে হবে;<br>(চ) যে সকল প্রকল্পে ভূমি অধিগ্রহণের প্রস্তাব রয়েছে সে সকল প্রকল্পের আওতাধীন স্থানে বিদ্যমান ভূমি এবং অধিগ্রহণের জন্য প্রস্তাবিত | প্রধান প্রকৌশলী, সওজ<br>অন্যান্য সংস্থা প্রধান এবং পরিকল্পনা উইং<br><br>প্রকল্প পরিচালক |

| | | | |
|---|---|---|---|
| | বিটুমিনাস লেয়ার স্থাপনের ক্ষেত্রে গুনগতমান নিশ্চিত করে সম্পন্ন করার পরামর্শ দেয়া হয়।<br><br>যে সকল প্রকল্পে ভূমি অধিগ্রহণের প্রস্তাব রয়েছে সে সকল প্রকল্পের আওতাধীন স্থানে বিদ্যমান ভূমি এবং অধিগ্রহণের জন্য প্রস্তাবিত ভূমির প্রশস্ততা বার চার্ট আকারে ডিপিপি'তে সন্নিবেশ করার নির্দেশ দেয়া হয়।<br><br>টেন্ডারের কার্যাদেশের মেয়াদ ডিপিপি'র অনুমোদিত মেয়াদের চেয়ে বেশী হওয়া সমীচীন নয় বিধায় এ ধরণের চর্চা পরিহার করার জন্য নির্দেশনা দেয়া হয়।<br><br>এডিপি'তে বরাদ্দকৃত অর্থের পরিপূর্ণ এবং সময়োচিত ব্যবহার নিশ্চিত করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।<br><br>সকল সড়ক ও মহাসড়কে সাইন সিগন্যালের মান আন্তর্জাতিক পর্যায়ে উন্নীত করার পরামর্শ প্রদান করা হয়। এছাড়া প্রকল্পের ডিপিপি'তে নির্মিতব্য সড়ক, মহাসড়কের কত চেইনেজে কী কী সাইন, সিগন্যাল, রোড মার্কিং, সতর্কীকরণ বিজ্ঞপ্তি স্থাপিত হবে তা পরিশিষ্ট আকারে সংযুক্ত করার নির্দেশনা দেয়া হয়।<br><br>যে সকল প্রকল্পে যানবাহন, সরঞ্জামাদি ইত্যাদি ক্রয়ের প্রস্তাব রয়েছে তার তালিকা প্রণয়ন করে মেকানিক্যাল উইং এর মাধ্যমে দ্রুত ক্রয় সম্পন্ন করার এবং ক্রয় কাজ সম্পন্ন হয়ে থাকলে তার বিবরণ প্রেরণ করার জন্য নির্দেশনা দেয়া হয়।<br><br>যে সকল প্রকল্পে নতুনভাবে প্রকল্প পরিচালক নিয়োগ করা হয়েছে সে সকল প্রকল্প পরিচালকগণকে এ অর্থ বছরের কর্মপরিকল্পনা প্রণয়ন করে দরপত্র আহবানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। এছাড়া, যে সকল প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগ করা হয়নি সে সকল প্রকল্পের ক্ষেত্রে পরিপত্রের নির্দেশনা অনুযায়ী প্রকল্প পরিচালক নিয়োগের প্রস্তাব প্রেরণের জন্য বলা হয়।<br><br>প্রকল্পের অগ্রগতি ও উদ্ভুত সমস্যা সমাধানের বিভিন্ন দিক পর্যালোচনার জন্য নিয়মিতভাবে প্রকল্প বাস্তবায়ন কমিটি এবং স্টিয়ারিং কমিটির সভা আহবানের জন্য নির্দেশনা দেয়া হয়।<br><br>সড়ক ও মহাসড়কের বাস্তব অবস্থা সরেজমিনে দেখার জন্য সংশ্লিষ্ট মনিটরিং টীম'কে নিয়মিত নিজ নিজ মনিটরিং এলাকা পরিদর্শনের নির্দেশনা দেয়া হয়।<br><br>পিএমপি'র ১ম পর্যায়ের কাজের গুনগতমান অক্ষুন্ন রেখে দ্রুত সম্পন্ন করে ২য় পর্যায়ের কাজ হাতে নেয়ার জন্য নির্দেশনা দেয়া হয়।<br><br>এডিপি ও পিএমপি'র আওতায় টেন্ডার কার্যক্রমে যে | ভূমির প্রশস্ততা বার চার্ট আকারে ডিপিপি'তে সন্নিবেশ করতে হবে;<br>(ছ) টেন্ডারের কার্যাদেশের মেয়াদ ডিপিপি'র অনুমোদিত মেয়াদের চেয়ে বেশী হওয়া সমীচীন নয় বিধায় এ ধরণের চর্চা পরিহার করতে হবে;<br>(জ) এডিপি'তে বরাদ্দকৃত অর্থের পরিপূর্ণ এবং সময়োচিত ব্যবহার নিশ্চিত করতে হবে;<br>(ঝ) সকল সড়ক ও মহাসড়কে সাইন সিগন্যালের মান আন্তর্জাতিক পর্যায়ে উন্নীত করতে হবে;<br>ঞ) প্রকল্পের ডিপিপি'তে নির্মিতব্য সড়ক, মহাসড়কের কত চেইনেজে কী কী সাইন, সিগন্যাল, রোড মার্কিং, সতর্কীকরণ বিজ্ঞপ্তি স্থাপিত হবে তা পরিশিষ্ট আকারে সংযুক্ত করতে হবে;<br>ট) যে সকল প্রকল্পে যানবাহন, সরঞ্জামাদি ইত্যাদি ক্রয়ের ব্যবস্থা আছে তার তালিকা প্রণয়ন করে মেকানিক্যাল উইং এর মাধ্যমে দ্রুত ক্রয় সম্পন্ন করতে হবে এবং ক্রয় কাজ সম্পন্ন হয়ে থাকলে তার বিবরণ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;<br>(ট) যে সকল প্রকল্পে নতুনভাবে প্রকল্প পরিচালক নিয়োগ করা হয়েছে সে সকল প্রকল্প পরিচালকগণকে পরবর্তী অর্থ বছরের কর্মপরিকল্পনা প্রণয়ন করে দরপত্র আহবানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;<br>(ঠ) যে সকল প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগ করা হয়নি সে সকল প্রকল্পের ক্ষেত্রে পরিপত্রের নির্দেশনা অনুযায়ী প্রকল্প পরিচালক নিয়োগের প্রস্তাব প্রেরণ করতে হবে;<br>ড) প্রকল্পের অগ্রগতি ও উদ্ভুত সমস্যা সমাধানের বিভিন্ন দিক পর্যালোচনার জন্য নিয়মিতভাবে প্রকল্প বাস্তবায়ন কমিটি এবং স্টিয়ারিং কমিটির সভা আহবান করতে হবে;<br>(ড) সড়ক ও মহাসড়কের বাস্তব অবস্থা সরেজমিনে দেখার জন্য সংশ্লিষ্ট মনিটরিং টীম'কে নিয়মিত নিজ নিজ মনিটরিং এলাকা পরিদর্শন করতে হবে;<br>(ঢ) পিএমপি'র ১ম পর্যায়ের কাজের গুনগতমান অক্ষুন্ন রেখে দ্রুত সম্পন্ন করে ২য় পর্যায়ের কাজ হাতে নেয়ার উদ্যোগ গ্রহণ করতে হবে;<br>(ন) এডিপি ও পিএমপি'র আওতায় টেন্ডার কার্যক্রমে যে সকল প্রতিষ্ঠানের নামে কাজের গাফলতি, বিলম্ব অথবা নিম্নমানের নির্মাণ সামগ্রী ব্যবহারের অভিযোগ রয়েছে সে সকল প্রতিষ্ঠানের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে;<br>(৩) জিওবি অর্থায়নে গৃহীত বিনিয়োগ প্রকল্প ভালোভাবে বাস্তবায়ন মনিটরিং এর জন্য প্রকল্পের চাহিদা বিবেচনায় দেশীয় পরামর্শক এর সংস্থান রাখা যেতে পারে। জরুরী প্রয়োজনে | |

| | | | |
|---|---|---|---|
| | সকল প্রতিষ্ঠানের নামে কাজের গাফলতি, বিলম্ব অথবা নিম্নমানের নির্মাণ সামগ্রী ব্যবহারের অভিযোগ রয়েছে সে সকল প্রতিষ্ঠানের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য সভায় নির্দেশনা দেয়া হয়।<br><br>জিওবি অর্থায়নে গৃহীত বিনিয়োগ প্রকল্প ভালোভাবে মনিটরিং/সুস্পষ্টভাবে বাস্তবায়ন করার জন্য প্রয়োজনে দেশীয় পরামর্শকের সংস্থান রাখার নির্দেশনা দেয়া হয়। জরুরী প্রয়োজনে দৈনিক মজুরীভিত্তিক শ্রমিকের সংস্থান রাখা যেতে পারে মর্মেও সিদ্ধান্ত নেয়া হয়।<br><br>প্রতিটি জোনের অতিরিক্ত প্রধান প্রকৌশলীগণকে যথাসময়ে তথ্য প্রেরণের জন্য পরামর্শ দেয়া হয়।<br><br>যে সকল প্রকল্প সমাপ্ত হয়েছে তা উদ্বোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা দেয়া হয়।<br><br>এ বিভাগের চলমান সমীক্ষা প্রকল্পে অগ্রগতি বিষয়ে আলোচনায় প্রকল্প পরিচালক জানান যে, উপপ্রকল্প পরিচালক প্রশিক্ষণে রয়েছেন। বিধায় লোকবল সংকট আছে। এছাড়াও ২০১৯-২০ অর্থবছরের এডিপিভুক্ত করে বরাদ্দ প্রদানের জন্য প্রস্তাব দাখিল করা হলেও এখনো বরাদ্দ পাওয়া যায়নি। বরাদ্দ পাওয়া গেলে কাজের অগ্রগতি করা যাবে। | দৈনিক মজুরীভিত্তিক শ্রমিকের সংস্থান রাখা যেতে পারে;<br>(থ) প্রতিটি জোনের অতিরিক্ত প্রধান প্রকৌশলীগণ প্রকল্প বাস্তবায়ন অগ্রগতি যথাসময়ে তথ্য প্রেরণ করবেন;<br>(দ) যে সকল প্রকল্প সমাপ্ত হয়েছে তা উদ্বোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>(ধ) প্রকল্পের বরাদ্দ প্রদানের জন্য পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ অব্যহত রাখতে হবে। | |

৩. সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ নজরুল ইসলাম
সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

স্মারক নম্বর: ৩৫.০০.০০০০.০৩২.১৪.০১৮.১৯.৫২২

তারিখ: ২৪ অগ্রহায়ণ ১৪২৬
০৯ ডিসেম্বর ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
২) সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩) সচিব, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে-বাংলা নগর, ঢাকা
৪) সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৫) সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৬) প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা (সংশ্লিষ্ট সকল প্রকল্প পরিচালককে কার্যবিবরণী প্রেরণের অনুরোধসহ)
৭) অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৮) অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৯) অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১০) নির্বাহী পরিচালক , ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ
১১) চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ

১২) চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন

১৩) যুগ্ম সচিব, বিআরটিসি শাখা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

১৪) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

১৫) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

১৬) প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সিজিএ ভবন, ঢাকা

১৭) সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (কার্যবিবরনীটি এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)

১৮) ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা অনুবিভাগ, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

Dmitra

দীপ জন মিত্র

সহকারী প্রধান (অতিরিক্ত দায়িত্ব)